-৬২

১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় সংশোধিত)-প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়।

কার্যপরিধি (ToR)

০১.	প্রকল্পের নাম	:	১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় সংশোধিত)			
০২.	উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	:	শিক্ষা মন্ত্রণালয়/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ			
০৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	কারিগরি শিক্ষা অধিদপ্তর			
০৪.	প্রকল্প এলাকা	:	বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা
			৮	৬৪	১০০	-

০৫.	প্রাক্কলিত ব্যয়	:	মূল	সংশোধিত (১ম)	সংশোধিত (২য়)
	মোট	:	৯২৪০৩.০০	২২৮১৬৯.০০	২৩৩৫৬৯.০০
	জিওবি	:	৯২৪০৩.০০	২২৮১৬৯.০০	২৩৩৫৬৯.০০
	প্রকল্প সাহায্য	:	-	-	-

০৬.	বাস্তবায়নকাল	:	মূল	সংশোধিত (১ম)	সংশোধিত (২য়)	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি
	আরম্ভ	:	জানুয়ারি, ২০১৪	জানুয়ারি, ২০১৪	জানুয়ারি, ২০১৪	জানুয়ারি, ২০১৪
	সমাপ্তি	:	জুন, ২০১৬	জুন, ২০১৮	জুন, ২০১৮	জুন, ২০২১

০৭. **পটভূমি:**

বাংলাদেশের অর্থনীতিক সমৃদ্ধি ও সামাজিক উন্নয়নের জন্য চাকুরী প্রত্যাশীদের দক্ষতা সরবরাহকারী এবং শ্রম বাজারে দক্ষ মানবসম্পদ সরবরাহকারী হিসেবে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ পদ্ধতি (TVET System) এর গুরুত্বপূর্ণ অবদান রাখার সুযোগ রয়েছে। আর এ লক্ষ্যে বৃত্তিমূলক শিক্ষায় ভর্তির হার বৃদ্ধি করা এবং যুব সমাজকে নিয়োগযোগ্য দক্ষ মানবশক্তিতে রূপান্তর করা জন্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ খাতের লোকবল বৃদ্ধি করা প্রয়োজন। বর্তমানে কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ রয়েছে যেখানে এসএসসি (ভোকেশনাল) এবং এইচ এস সি (ভোকেশনাল) শিক্ষা প্রদান করা হয়। কিন্তু দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে এ সংখ্যা অপ্রতুল। তাই সারা দেশব্যাপি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ পদ্ধতির বিস্তার লাভের লক্ষ্যে এ প্রকল্প গ্রহন করা হয়েছে।

০৮. **প্রকল্পের মৌলিক অঙ্গ:**

- ভূমি অধিগ্রহন
- ভূমি উন্নয়ন
- প্রশাসনিক কাম একাডেমিক ভবন নির্মাণ
- ১০০টি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর জন্য পরিচালন পদ (Operational post) সৃষ্টি।

০৯. **প্রকল্পের উদ্দেশ্য:**

- বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের লক্ষ্যে ৬ষ্ঠ-৮ম শ্রেণী পর্যন্ত একটি কারিগরি বিষয় অন্তর্ভুক্ত করা এবং এসএসসি ও এইচএসসি (ভোকেশনাল) সার্টিফিকেট কোর্স ও স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য সুযোগ সৃষ্টি করা;
- দেশে ও বিদেশে শ্রম বাজারের জন্য চাকুরির জন্য চাকুরির সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব সমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করা;
- জীবিকা নির্বাহের জন্য দরিদ্র জনগোষ্ঠীর আত্নকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- স্কুল পর্যায়ে একটি কারিগরি বিষয় ছাড়াও ৪টি ট্রেড কোর্স চালু করা এবং স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কোর্স প্রবর্তন করা।

১০. **নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য:**

- অধিক সংখ্যক প্রকল্প স্থান পরিদর্শনপূর্বক মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য বিশ্লেষন করে প্রকল্পের সার্বিক চিত্র তুলে ধরা;
- প্রকল্প বাস্তবায়নে বিদ্যমান সমস্যা চিহ্নিত করে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে যথাযথ সুপারিশ প্রণয়ন করা;
- প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফল টেকসই করার লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা।

১১. পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব:

১) প্রকল্প সম্পর্কিত তথ্য যেমন প্রকল্পের অনুমোদন পর্যায়, পটভূমি, উদ্দেশ্য, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, অর্থায়নের উৎস, সংশোধন ইত্যাদি তথ্য পর্যালোচনা করা;

২) প্রকল্পের সার্বিক এবং অঙ্গভিত্তিক অগ্রগতি বিশ্লেষণ করা এবং পর্যাপ্ত সারণি ও লেখচিত্রের মাধ্যমে তা উপস্থাপন করা;

৩) প্রকল্পের বরাদ্দ, অর্থছাড় এবং অর্থব্যয় পর্যালোচনা করা;

৪) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা এবং উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে আউটপুট পর্যায়ের অর্জন পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৫) প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থছাড়ে জটিলতা বা বিলম্ব, প্রকল্পের ক্রয়কাজে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনায় অদক্ষতা, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রভৃতি বিষয় পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৬) প্রকল্প ব্যবস্থাপনা যেমন প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭) ক্রয় কাজে বিদ্যমান আইন ও বিধি (পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮) অনুসরন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা;

৮) প্রকল্পের কোন অঙ্গের কার্যক্রম বিলম্বিত হচ্ছে কিনা তা যাচাই করা এবং বিলম্বিত হলে তার সঠিক কারণ নির্ণয় করা;

৯) প্রকল্পের আওতায় ১০০টি টেকনিক্যাল স্কুল ও কলেজের জন্য পরিচালন পদ (Operational post) সৃষ্টির হালনাগাদ তথ্য বিশ্লেষণ করা;

১০) নির্মাণ কাজ এবং এতে ব্যবহৃত উপকরণের মান পরীক্ষা করা;

১১) উপকারভোগী এবং অংশীজনদের উপর জরিপ পরিচালনা করা এবং তাদের মতামত বিশ্লেষণ করা;

১২) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগতমান, পরিমান অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষন;

১৩) প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও হুমকিসমূহ চিহ্নিত করা এবং বিশ্লেষণ করা;

১৪) প্রকল্পের ফলাফল টেকসই করার লক্ষ্যে গৃহীত Exit plan মূল্যায়ন। Exit plan না থাকলে এ বিষয়ে মতামত প্রদান;

১৫) মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি সার্বিক পর্যবেক্ষণ তুলে ধরা;

১৬) পর্যবেক্ষণের আলোকে প্রকল্পের সঠিক বাস্তবায়নের স্বার্থে সুনির্দিষ্ট সুপারিশ/মতামত প্রদান করা;

১৭) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট অন্যান্য কার্যাবলী সম্পাদন।

১২. **নিবিড় পরিবীক্ষণের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা:**

ক্রমিক	পেশাদারিত্বের ধরন	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান	--	কমপক্ষে ০১ বছরের অভিজ্ঞতা
২.	পরামর্শক প্রতিষ্ঠানের সদস্য		
	ক) টিম লিডার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি (সিভিল ইঞ্জিনিয়ারিং) অথবা এর সমমান ডিগ্রি।	• প্রাসঙ্গিক কাজে ১০ বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অন্তত ০১টি গবেষণা; • সরকারি ক্রয় কাজের ধারণা।
	খ) সমাজতত্ত্ববিদ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান, সমাজকর্ম, সমাজকল্যান এবং অর্থনীতি বিষয়ে সম্মান ডিগ্রি।	• প্রাসঙ্গিক কাজে ০৫ বছরের অভিজ্ঞতা; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ বছরের অভিজ্ঞতা।
	গ) সিভিল ইঞ্জিনিয়ার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি (সিভিল ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি।	• প্রাসঙ্গিক কাজে ০৫ বছরের অভিজ্ঞতা; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ বছরের অভিজ্ঞতা।
	ঘ) পরিসংখ্যানবিদ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে সম্মান ডিগ্রি।	• তথ্য ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৫ বছরের অভিজ্ঞতা;

১৩. **প্রতিবেদনের তালিকা, জমাদান ও অন্যান্য:**

নং.	প্রতিবেদনের ধরণ ও সংখ্যা	জমাদানের সময়সীমা
১	প্রারম্ভিক প্রতিবেদন (TCM এর জন্য ২০ কপি এবং SCM এর জন্য ২০ কপি)	চুক্তি স্বাক্ষরের ১৫ দিনের মধ্যে
২	১ম খসড়া প্রতিবেদন (TCM এর জন্য ২০ কপি এবং SCM এর জন্য ২০ কপি)	চুক্তি স্বাক্ষরের ৬০ দিনের মধ্যে
৩	২য় খসড়া প্রতিবেদন (জাতীয় কর্মশালার জন্য ১৩০ কপি)	চুক্তি স্বাক্ষরের ৯০ দিনের মধ্যে
৪	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ কপি এবং ইংরেজি ২০ কপি)	চুক্তি স্বাক্ষরের ১২০ দিনের মধ্যে

- TCM= Technical Committee Meeting এবং SCM= Steering Committee Meeting;
- পরমর্শক প্রতিষ্ঠান সকল প্রতিবেদন আইএমইডির সেক্টর-৬ এর মহাপরিচালকের নিকট জমা প্রদান করবে;
- প্রতিবেদন প্রিন্টিং এর সকল ব্যয়ভার পরামর্শক প্রতিষ্ঠান বহন করবে।

১৪. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয় সহযোগিতা:**

ক) ক্লায়েন্ট কর্তৃক শুধু নিচের তথ্য/দলিল (প্রাপ্যতা সাপেক্ষে) সরবরাহকরণ-

* উন্নয়ন প্রকল্প প্রস্তাব বা ডিপিপি;

* প্রকল্প পরিবীক্ষণ প্রতিবেদন;

খ) প্রকল্প কর্তৃপক্ষের সাথে যোগাযোগে সহাযোগিতা প্রদান।

০৬/০৯/২১

মুহাম্মদ মাহবুব হোসেন
মূল্যায়ন কর্মকর্তা
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার